

বিএডিসিতে মসলা প্রকল্পের উপর কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র শেরে বাংলা নগরস্থ সেচভবনের সেমিনার হলে মানসম্পন্ন মসলা বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণ এবং বিতরণ শীর্ষক প্রকল্পের বিদ্যমান পরিস্থিতি, অর্জন এবং সম্ভাবনা'র উপর একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় সংস্থার বিভিন্ন উইংয়ের কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার এবং সভাপতিত্ব করেন চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক মোঃ মুকসুদ আলম খান মুকুট। সভায় বর্ণিত প্রকল্পের কার্যক্রম, উল্লেখযোগ্য অর্জন এবং সম্ভাবনা নিয়ে আলোচনা করা হয়েছে।

